

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১.৮২৬

তারিখ: ১৮/১১/২০২৫ খ্রি.

বিষয়: ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়নে কর্মপরিকল্পনা প্রণয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় তাঁর উপজেলার অক্টোবর, ২০২৫ মাসের ঋণ কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে, মোট ৪৫১.৯১ লক্ষ টাকা ঋণ তহবিলের বিপরীতে অর্থবছরে ৭০.৬৫ লক্ষ টাকা ঋণ বিতরণ হয়েছে, বিতরণের হার ১৬%। মাঠে মোট ২৬৬.১৬ লক্ষ টাকা ঋণ স্থিতির বিপরীতে ১৪৫.০৯ লক্ষ টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণে পরিণত হয়েছে, ঋণ স্থিতির বিপরীতে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের হার ৫৪%। তাঁর উপজেলায় আত্মসাৎ নির্ধারণের লক্ষ্যে প্রধান কার্যালয় থেকে গঠিত একাধিক তদন্ত কমিটি কর্তৃক সরেজমিনে তদন্তপূর্বক আত্মসাতের পরিমাণ নির্ধারণ করে তদন্ত প্রতিবেদন দাখিল করেছে। তদন্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ইতোমধ্যে বিভাগীয় ও আইনগত ব্যবস্থা গ্রহণসহ আত্মসাতকৃত অর্থ আদায়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আত্মসাতকৃত অর্থ আদায় একটি দীর্ঘ প্রক্রিয়া হওয়ায় আত্মসাতের অর্থ আদায়পূর্বক সংশ্লিষ্ট সমিতির ঋণ কার্যক্রম পুনরায় চালু একটি সময়সাপেক্ষ বিষয়, তাই তাঁর উপজেলার খেলাপী ঋণ হ্রাসসহ সার্বিক ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন।

এমতাবস্থায়, তাঁর উপজেলার খেলাপী ঋণ হ্রাসসহ সার্বিক ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক প্রধান কার্যালয়ে প্রেরণ ও সে মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ জানানো হলো।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বাবুগঞ্জ, বরিশাল



মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক

ফোন: ০২-৮১৮০১৪৪

iresppwad@gmail.com

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপ্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা;
২. উপপরিচালক, বিআরডিবি, বাবুগঞ্জ; বরিশালে;
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা;
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, বাবুগঞ্জ, বরিশাল;
৬. অফিস নথি।